সমকাল

তারিখ 06 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# পরীক্ষা দিয়েও ৪৫ শিক্ষার্থীর সবাই অনুপস্থিত!

■ লালমনিরহাট প্রতিনিধি

লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার উত্তর বাংলা কলেজের ৪৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের পরও তাদের অনুপস্থিত দেখানো হয়েছে। গত বৃহস্পতিবার সন্ধ্যায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে অনার্স প্রথম বর্ষ পরীক্ষার ফল প্রকাশ হয়। এতে উত্তর বাংলা কলেজের বাংলা বিভাগের অনার্স প্রথম বর্ষের ৪৫ পরীক্ষার্থীর সবাইকে অনুপস্থিত দেখানো হয়েছে।

জানা গেছে, এই কলেজ থেকে অনার্স প্রথম বর্ষের পরীক্ষায় বাংলা বিভাগ থেকে মোট ৪৫ পরীক্ষার্থী সব কোর্সে অংশ নেন। লালমনিরহাট সরকারি কলেজে পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু প্রকাশিত ফলে কলেজের বাংলা বিভাগের পরীক্ষার্থীদের বাংলা ভাষার ইতিহাস ও ব্যবহারিক বাংলা কোর্সে অনুপস্থিত দেখানো হয়েছে। ফলের এমন চিত্র দেখে বিস্ময় প্রকাশ করেছেন পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা।

গতকাল শুক্রবার ফল দেখে পরীক্ষার্থী আতিক, বুলবুল, আসাদ, বিক্রম, মিথিলা ও আলামিনসহ অনেকেই কান্নায় ভেঙে পড়েন। তারা বলেন, পরীক্ষায় অংশ নিয়েও আমাদের অনুপস্থিত দেখানো হয়েছে। এখন আমাদের কী হবে? এই ফল সংশোধন করে দ্রুত প্রকাশের দাবি জানান ভুক্তভোগী শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা। এ ব্যাপারে উত্তরবাংলা কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান আবু শাহাদাত রুবেল জানান, পরীক্ষার কেন্দ্র থেকে হয়তো পরীক্ষার্থীদের হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে পৌছানো হয়নি। যার ফলে এটি হয়েছে। পরীক্ষার কেন্দ্র থেকে পরীক্ষার্থীদের হাজিরাপত্রটি জাতীয় বিশ্ববিদ্যালয়ে পৌছালে তারা সংশোধিত ফল প্রকাশ করবে। এ বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে।

উত্তরবাংলা কলেজের অধ্যক্ষ মনোয়ার হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সংশোধনী ফলের জন্য আজ শনিবার কেন্দ্র থেকে হাজিরাপত্র সংগ্রহ করে জাতীয় বিশ্ববিদ্যালয়ে পাঠানো হবে। তিনি শিক্ষার্থী ও অভিভাবকদের ধৈর্য ধরতে পরামর্শ দেন।